



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল-এর নিম্নলিখিত শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	পরিচালক টা: ৫৬৫০০-৭৪৪০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ার/ কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/ সফটওয়্যার/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/ফলিত পদার্থ এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ৪ বছর মেয়াদী বিএসসি (সম্মান) ডিগ্রিধারী হতে হবে অথবা কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/ সফটওয়্যার/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ফলিত পদার্থ এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ৩ বছর মেয়াদী বি.এসসি (সম্মান)সহ ১ বছর মেয়াদী এমএসসি ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে কোনো সরকারি/আধা-সরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির কর্মকর্তা (গ্রেড-৯) হিসেবে আইসিটিতে ন্যূনতম ১৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তন্মধ্যে অতিরিক্ত পরিচালক/সিনিয়র আইটি ইঞ্জিনিয়ার/ সমমানের পদে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীদের অতিরিক্ত পরিচালক/ সিনিয়র আইটি ইঞ্জিনিয়ার/সমমানের পদে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে আইসিটি অবকাঠামো পরিচালনার অভিজ্ঞতাসহ ICT Projects/Tasks উন্নয়ন ও বাস্তবায়নের অভিজ্ঞতা এবং লিনাক্স/উইন্ডোজ সার্ভার-এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। শিক্ষা জীবনে কোনো পর্যায়ে ৩য় বিভাগ/ শ্রেণি/জিপিএ/ সিজিপিএ/সমমান গ্রহণযোগ্য নয়।
০২.	অতিরিক্ত পরিচালক টা: ৫০০০০-৭১২০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক)টি	প্রার্থীকে ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স/ ইনফরমেশন/ টেকনোলজি/ সফটওয়্যার/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/ ফলিত পদার্থ এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে ৪ বছর মেয়াদী বিএসসি (সম্মান) ডিগ্রিধারী হতে হবে অথবা কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি সফটওয়্যার/ইলেকট্রনিক্স বিষয়ে ৩ বছর মেয়াদী বিএসসি (সম্মান)সহ ১ বছর মেয়াদী এমএসসি ডিগ্রি থাকতে হবে। প্রার্থীকে কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির কর্মকর্তা (গ্রেড-৯) হিসেবে আইসিটিতে ন্যূনতম ১২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে; তন্মধ্যে আইটি ইঞ্জিনিয়ার/সিস্টেমস এনালিস্ট/ সমমানের পদে ন্যূনতম ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীদের আইটি ইঞ্জিনিয়ার/সিস্টেমস এনালিস্ট/ সমমানের পদে ন্যূনতম ২ বছরে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে আইসিটি অবকাঠামো (LAN, DBMS) ডিজাইন ও বাস্তবায়নে দক্ষতা এবং লিনাক্স/উইন্ডোজ সার্ভার-এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে) সনদপত্রসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। শিক্ষা জীবনে কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ/সমমান গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ২০-০৯-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।